গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

**সর্বোচ্চ অগ্রাধিকার**

**নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬-** ২৩৩

**তারিখ:** ১৮ **আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ**
০২ **জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ**

## গণবিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, প্রতিবন্ধী (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর) ভাতায় অনলাইনে আবেদন গ্রহণ;**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, পরিচালক সমাজসেবা অধিদপ্তর মহোদয়ের ৩০ জুন ২০২৬ খ্রি. তারিখের ৫৮৬ সংখ্যক পত্র মোতাবেক ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, প্রতিবন্ধী (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর) ভাতায় অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে।

০২। সমাজসেবা অধিদপ্তরের ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ: **০১ আগস্ট ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত।**

ক) আবেদন করার লিংক: www.dss.bhata.gov.bd/online-application

খ) আবেদন দাখিলের ক্ষেত্রে সাধারণ নির্দেশনাবলী:

গ) স্থায়ী ঠিকানা: আবেদনকারীকে অবশ্যই তাঁর নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করতে হবে;

ঘ) মোবাইল ও ব্যাংক অ্যাকাউন্ট: আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে নিবন্ধিত সক্রিয় সিমের মোবাইল নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। (ব্যাংক হিসাবের ক্ষেত্রে যোগাযোগের জন্য একটি সক্রিয় মোবাইল নম্বর দিতে হবে);

ঙ) প্রতিবন্ধী ভাতা: প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;

চ) পূর্বের আবেদনকারী: যারা পূর্বে অনলাইনে আবেদন করেছিলেন এবং বর্তমানে অপেক্ষমাণ তালিকায় আছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। অনলাইনে নতুন আবেদন ও অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট বাছাই-কমিটির মাধ্যমে নীতিমালা অনুযায়ী উপকারভোগী নির্বাচন করা হবে;

ছ) যোগ্যতা: আবেদনকারী অন্য কোনো সরকারি নিয়মিত সুবিধা পেয়ে থাকলে এই ভাতার জন্য বিবেচিত হবেন না;

জ) কার্যকরী তারিখ: চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬ তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন;

০৩। সতর্কতা: সরকারি ভাতা একটি বিনামূল্য সেবা অর্থাৎ ভাতা পেতে নাগরিকদের কোন ফিস দিতে হয়না। ফলে ভাতা গ্রহণের জন্য কোথাও আর্থিক লেনদেনে যুক্ত হয়ে প্রতারিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানানো যাচ্ছে।

02/09/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

**নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬-** ২৩৩

**তারিখ:** ১৮ **আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ**
০২ **জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ২১৪, ফরিদপুর-০৪।
২। পরিচালক (সামাজিক নিরাপত্তা) অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আঁগারগাও ঢাকা।
৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৬। প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৭। চেয়ারম্যান ....................................ইউনিয়ন পরিষদ **(সকল)** সদরপুর, ফরিদপুর।
৮। সভাপতি / সম্পাদক..................... প্রেসক্লাব (সকল), সদরপুর, ফরিদপুর। [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]
৯। নোটিশ বোর্ড/ সংরক্ষণ কপি।

02/09/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪. ৫৮৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ করা হবে। আবেদনের লিংক: dss.bhata.gov.bd/online-application

<u>প্রচার, আবেদন গ্রহণ, যাচাই-বাছাই সংক্রান্ত নির্দেশাবলী নিম্নরূপ:</u>

ক. বাস্তবায়ন নীতিমালার আলোকে ০১ জুলাই ২০২৬ হতে ৩১ জুলাই ২০২৬ পর্যন্ত প্রচার প্রচারণা করতে হবে এবং ০১ আগষ্ট ২০২৬ হতে ৩১ আগষ্ট ২০২৬ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে;
খ. আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন;
গ. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;
ঘ. আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল/ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে;
ঙ. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না;
চ. পূর্বে অনলাইন আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকায় যদি থাকে) পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
ছ. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইন আবেদন (অপেক্ষমান তালিকায় যদি থাকে) এর ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে;
জ. বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
ঝ. বাস্তবায়ন নীতিমালার আলোকে চূড়ান্ত তালিকা অনুমোদন সম্পন্ন করতে হবে;
ঞ. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬খ্রি: তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অফিসসমূহকে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন।

৩০/০৬/২০২৬

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
☎ ০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবন/খাগড়াছড়ি।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মানীনয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মানীনয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জেলা প্রশাসক (সকল).........................।
৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)..........................।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)...............।
১০. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা।
১১. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল)...................।
১২. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৩. অফিস কপি।